

সরকার কোন অপরাধিকে ছাড় দেয়নি-নৌপরিবহন প্রতিমন্ত্রী

বোচাগঞ্জ (দিনাজপুর) ৪ সেপ্টেম্বর ২০২০;

নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এমপি বলেছেন, বর্তমান সরকার কোন অপরাধিকে ছাড় দেয়নি। প্রধানমন্ত্রী দেশরতœ শেখ হাসিনা অপরাধিদের চিহ্নিত করে আইনের আওতায় নিয়ে এসেছেন। কোন ধরনের ছাড় দেয়া হয় নাই। এটা শুধু করোনার বিষয় না। গত ১১ বছরের দেশ পরিচালনায় কোন অপরাধিকে আমরা ছাড় দেই নাই। আমরা মানুষের উপর কখনো আক্রমণাত্মক নই। আমরা মানুষকে নিরাপদ জায়গায় রাখতে চাই। প্রতিমন্ত্রী আজ বিকালে দিনাজপুরের বোচাগঞ্জ উপজেলায় মতিজাপুর উচ্চ বিদ্যালয়ের একাডেমিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজের উদ্বোধন শেষে সুধি সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। খালিদ মাহমুদ চৌধুরী বলেন, সরকার অপরাধিদের ধামাচাপা দিচ্ছেনা। আগে এ ধরনের অপরাধিদের পরিচয় জানতে দেয়া হয় নাই। অপরাধিদের ধামাচাপা দেয়া হয়েছে। করোনা মহামারীর মধ্যেও কিছু দুষ্ট মানুষ এগুলোর সুযোগ নিয়েছে। কত ধরনের কত কলেঙ্কারি হয়ে গেল। ইচ্ছে করলে কিন্তু সরকার এগুলো ধামাচাপা দিতে পারত। কিন্তু সরকার ধামাচাপা দেয় নাই।

প্রতিমন্ত্রী বলেন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপর রয়েছে। গোয়েন্দা সংস্থাগুলো কাজ করছে বলেই আমরা এ ধরনের অপরাধিদের জনসম্মুখে আনতে পেরেছি। গোয়েন্দা সংস্থা কাজ না করলে শাহেদদের আমরা চিনতে পারতাম না। এছাড়া সাবরিনারা আমাদের মধ্যে লুকিয়ে থাকতো। তিনি বলেন, সরকারকে আমাদের সঠিকভাবে বিশ্লেষণ করতে হবে। করোনা বৈশ্বিক প্রেক্ষাপটে অনেক দেশই বিপর্যস্ত হয়েছে। বাংলাদেশের সরকার বিপর্যস্ত হয়নি। মোকাবেলা করেছে। করোনা মোকাবেলায় সবাইকে সচেতনতা অবলম্বন করে স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ দেন তিনি।

প্রতিমন্ত্রী মতিজাপুর উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণ থেকে একযোগে ইশানিয়া বকুলতলা নিরাপদ প্রসূতি কেন্দ্র, বাতাসন উচ্চ বিদ্যালয়ের একাডেমিক ভবন, সনকাই উচ্চ বিদ্যালয়ের একাডেমিক ভবন, ফুটকীবাড়ী উচ্চ বিদ্যালয়ের একাডেমিক ভবন, ভান্ডারখন্ড উচ্চ বিদ্যালয়ের একাডেমিক ভবন, সেতাবগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের একাডেমিক ভবনসহ সেতাবগঞ্জ পাইলট সরকারী মডেল উচ্চ বিদ্যালয়ের একাডেমিক ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজের শুভ উদ্বোধন করেন। এসময় উপজেলা নির্বাহী কর্মকর্তা হুন্দা রাণী পাল, উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু সৈয়দ হোসেন, সাধারণ সম্পাদক আফছার আলী, পৌর মেয়র এম আব্দুস সবুর প্রমুখ উপস্থিত ছিলেন।

এর আগে সকালে প্রতিমন্ত্রী দিনাজপুরের প্রবীণ নাগরিক সদ্য প্রয়াত অমলেন্দু ভৌমিকের পরিবারের সাথে সৌজন্য সাক্ষাত করেন। দুপুরে বোচাগঞ্জ উপজেলা পরিষদ পুকুরে পোনামাছ অবমুক্ত করেন।

মো. জাহাঙ্গীর আলম খান

সিনিয়র তথ্য অফিসার

নৌপরিবহন মন্ত্রণালয়

০১৭১১-৪২৫৩৬৪

jahangirpro66@gmail.com